

# কী সেবা কীভাবে পাবেন

## ১। প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন;

ক্রমিক নং	সেবা প্রদানকারী অফিসের নাম	সেবার নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে)	সেবাপ্রাপ্তির প্রয়োজনীয় সময়	প্রয়োজনীয় ফি/ট্যাক্স আনুষঙ্গিক খরচ	সংশ্লিষ্ট আইন/ বিধি/নীতিমালা	নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা
ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ	জ	ঝ
০১	উপজেলা/ মেট্রোপলিটন থানা ও জেলা সমবায় কার্যালয়	প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন	১. উপজেলা/ মেট্রোপলিটন থানা সমবায় কর্মকর্তা ২. সহকারী পরিদর্শক ৩. জেলা সমবায় কর্মকর্তা ৪. পরিদর্শক ৫. অফিস সহকারী	সরকারি কর্মসূচির আওতাভুক্ত নয় এরূপ সমবায় সমিতি অর্থাৎ সাধারণ জনগণ ২০জন মিলে একটি প্রাথমিক সমবায় সমিতির নিবন্ধন জেলা সমবায় অফিসার প্রদান করে থাকেন। এরূপ সমবায় সমিতি নিবন্ধন পেতে হলে নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ করতে হবে:  প্রাপ্তবয়স্ক কমপক্ষে ২০ জন সাধারণ জনগণের আবেদন এবং সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা, ২০১৩ অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্র উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসে দাখিল করতে হয়। উপজেলা সমবায় অফিসার দাখিলকৃত রেকর্ডপত্র নিজে অথবা সহকারী পরিদর্শক সরজমিনে যাচাই করেন। যাচাই শেষে উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার যাচাই প্রতিবেদন এবং আবেদনকারী কর্তৃক দাখিলকৃত রেকর্ডপত্র জেলা সমবায় অফিসার বরাবরে প্রেরণ করেন।  জেলা সমবায় অফিসারের নিবন্ধনের বিষয়ে আপত্তি না থাকলে নিবন্ধন প্রদান এবং নিবন্ধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট সমবায় অফিস ও আবেদনকারীর নিকট প্রেরণ করেন।  নিবন্ধনের আপত্তি থাকলে তাঁর কার্যালয়ের পরিদর্শক কর্তৃক সরজমিনে তদন্ত করাবেন এবং তদন্ত প্রতিবেদনের আলোকে নিবন্ধন প্রদান অথবা রেকর্ডপত্র সংশোধনের জন্য বা নিবন্ধন নামঞ্জুর করে নিবন্ধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসারের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করবেন।	৭-৬০ দিন	৩৪৫/- (তিনশত পঁয়তাল্লিশ টাকা) [তিনশত টাকা নিবন্ধন ফি এবং ১৫% ভ্যাট]	১. সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও সংশোধিত, ২০১৩) ২. সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ ৩. মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ ৪. সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা, ২০১৩	যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয় ব্লংপুর বিভাগ, ব্লংপুর।